



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।
www.deo.taltali.barguna.gov.bd



স্মারক নং-৩৮.০১.০৪৯২.০০০.৯৯.০০০.২০২৩-১৫২

তারিখঃ ২৫.০৪.২০২৩খ্রিঃ।

নিলাম বিজ্ঞপ্তি-০১/২০২২-২৩

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-প্রাগবি/উন্নয়ন-২/৭-৪/২০০৮/৩৯৯ তারিখ : ০৮.০৩.২০১০খ্রিঃ ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-এলজিইডি/পিইডিপি-৩/এ-১৭/২০১৪/৬৯৮৮ তারিখঃ ০৮.০৯.২০১৬খ্রিঃ মোতাবেক এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নিলাম কমিটির সভায় সর্বসম্মতি ক্রমে ০১(এক) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ও জরাজীর্ণ ভবন (যেখানে যে অবস্থায় আছে) নিম্ন শর্ত সাপেক্ষে নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী সর্বোচ্চ নিলাম ডাকে বিক্রয় করা হবে। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুকদের নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা পরিষদে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০১.	সংস্থা	ঃ	ছোটবগী পিকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ পুরাতন ভবন
০২.	দরপত্র আহবানকারী ও সংগ্রাহক সংস্থা	ঃ	উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।
০৩.	দরপত্রদাতার যোগ্যতা	ঃ	যে কোনো ব্যক্তি
০৪.	প্রকাশ্যে নিলামে ডাকের সময়, তারিখ ও স্থান	ঃ	সময়ঃ বিকাল ০২.০০ ঘটিকা, তারিখঃ ০৮.০৫.২০২৩খ্রিঃ স্থানঃ উপজেলা পরিষদ "পায়রা" হল রুম।
০৫.	সরকারি মূল্য	ঃ	২৮৪৬৩১/-

০১. নিলাম ডাকে অংশগ্রহণের জন্য বায়না টাকা হিসেবে ডাকের ২৫% নগদ টাকা জমা প্রদান করতে হবে।

০২. সর্বোচ্চ দরদাতার দর অনুমোদন হওয়ার পর নির্ধারিত মূল্যের অতিরিক্ত ভ্যাট এবং আয়কর হিসেবে সরকারি বিধি মোতাবেক টিআর চালানোর মাধ্যমে সোনালী ব্যাংক, তালতলী শাখা, বরগুনায় জমা পূর্বক উহার মূল কপি জমা প্রদান সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।

০৩. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই নিলাম ডাকের সময় ও তারিখ পরিবর্তন, পরিবর্ধন অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪. কার্যাদেশ সকল/আংশিক ডাক গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫. কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে নিজ খরচে বর্ণিত ভবনসমূহ ভেঙ্গে পুরাতন মালামাল বিদ্যালয়ের সীমানা থেকে অপসারণ করতে হবে।

স্বাক্ষরিত/-

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

পুরাতন স্কুল ভবন নিলাম বিক্রয় কমিটি

তালতলী, বরগুনা।

তারিখঃ ২৫.০৪.২০২৩খ্রিঃ।

স্মারক নং-৩৮.০১.০৪৯২.০০০.৯৯.০০০.২০২৩-১৫২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।

০২. উপজেলা প্রকৌশলী, তালতলী, বরগুনা।

০৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তালতলী, বরগুনা। (নোটিশটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য।)

০৪. চেয়ারম্যান(সকল).....ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা। (স্ব স্ব পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য।)

০৫. সভাপতি/সাধারণ সম্পাদক, তালতলী প্রেস ক্লাব, তালতলী, বরগুনা।

০৬. সংরক্ষণ নথি।

(মোঃ মনিরুল ইসলাম)

উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

ও

সদস্য সচিব

পুরাতন স্কুল ভবন নিলাম বিক্রয় কমিটি

তালতলী, বরগুনা।